



সংঘাত কমলে স্বাভাবিক হবে হরমুজ প্রণালির জাহাজ চলাচল : যুক্তরাষ্ট্র



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের ওপর চলমান চাপ আগামী জুন মাস থেকে ধীরে ধীরে কমতে পারে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের জুলানি তথ্য প্রশাসন (ইআইএ)। সংস্থাটির মতে, মে মাসজুড়ে পরিস্থিতি অস্বাভাবিক থাকলেও পরবর্তী সময়ে নৌ চলাচল স্বাভাবিক হওয়ার ইঙ্গিত মিলছে। মঙ্গলবার প্রকাশিত এক বিশ্লেষণ প্রতিবেদনে ইআইএ জানায়, চলতি বছরের শেষ নাগাদ হরমুজ প্রণালির পরিবহন ব্যবস্থা সংঘাত-পূর্ব অবস্থার কাছাকাছি ফিরে যেতে পারে। মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক উত্তেজনা ও সামরিক সংঘাতের প্রভাবেই এই গুরুত্বপূর্ণ নৌপথে জাহাজ চলাচল ব্যাহত হচ্ছে। প্রতিবেদনে বলা হয়, ইরানকে ঘিরে আঞ্চলিক উত্তেজনার কারণে এপ্রিল মাসে সৌদি আরব, ইরাক, কুয়েত, কাতার, বাহরাইন ও সংযুক্ত আরব আমিরাতের সম্মিলিতভাবে দৈনিক প্রায় ১ কোটি ৫ লাখ ব্যারেল অপরিিশোধিত তেল উৎপাদন বাধাগ্রস্ত হয়েছে। বিশ্বের মোট তেল পরিবহনের উল্লেখযোগ্য অংশ হরমুজ প্রণালির মাধ্যমে সম্পন্ন হয়। ফলে সেখানে অস্থিতিশীলতা তৈরি হলে আন্তর্জাতিক জুলানি বাজারেও তার সরাসরি প্রভাব পড়ে। ইআইএ আরও আশঙ্কা প্রকাশ করেছে, চলতি বছরের দ্বিতীয় প্রান্তিকে বৈশ্বিক তেলের মজুত দৈনিক গড়ে ৮৫ লাখ ব্যারেল পর্যন্ত কমে যেতে পারে। এর ফলে আন্তর্জাতিক বাজারে ব্রেন্ট ক্রুডের দাম মে ও জুন মাসে ব্যারেলপ্রতি প্রায় ১০৬ ডলারের কাছাকাছি থাকতে পারে। পাশাপাশি যুক্তরাষ্ট্রে পেট্রোলের দাম বেড়ে গ্যালনপ্রতি প্রায় ৩ দশমিক ৮৮ ডলারে পৌঁছানোর সম্ভাবনাও রয়েছে।